জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ
www.nape.gov.bd

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০১.১৪.২৯৩.১৬ - ৮৭৫ তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: নেপ **এর প্রস্তাবিত উদ্ভাবনী আইডিয়া ২০২১-২০২২ সংক্রান্ত।**

সূত্র: প্রাগম স্মারক নং ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯৪.২১.৬৫৪, তারিখ: ১৭/১১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নের জন্য ২ (দুই)টি আইডিয়া মহোদয়ের সদয় জ্ঞাতার্থে এতদসংগে প্রেরণ করা হলো।

উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা: সংযুক্ত ০৫(পাঁচ) পাতা।

৩০/১১/২১

মোঃ ইউসুফ আলী (যুগ্মসচিব)
পরিচালক
ও
ইনোভেশন অফিসার

অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
এবং
চীফ ইনোভেশন অফিসার
দৃষ্টি আকর্ষণ: মোঃ আসদুজ্জামান, যুগ্মসচিব (প্রশাসন-২)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০১.১৪.২৯৩.১৬ - ৮৭৫(১১) তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো-

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অনুষদ প্রধান (সকল), নেপ, ময়মনসিংহ।
৩. উপপরিচালক (প্রশাসন)/ (মূল্যায়ন),নেপ, ময়মনসিংহ।
৪. জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার ও সদস্য ইনোভেশন টীম, নেপ, ময়মনসিংহ।
৫. মীর মোঃ আরিফুর রহমান, বিশেষজ্ঞ ও সদস্য ইনোভেশন টীম, নেপ, ময়মনসিংহ।
৬. জনাব মো: রবিউল ইসলাম, সহকারী বিশেষজ্ঞ ও সদস্য ইনোভেশন টীম, নেপ, ময়মনসিংহ।
৭. জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ।
৮. জনাব মাহবুবুর রহমান, সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ।
৯. জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, হিসাব রক্ষণ অফিসার, সদস্য ইনোভেশন টীম, নেপ, ময়মনসিংহ।
১০. পিএটু ডিজি, নেপ ( মহাপরিচালক, নেপ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস নথি।

৩০/১১/২১

মোঃ ইউসুফ আলী (যুগ্মসচিব)
পরিচালক
ও
ইনোভেশন অফিসার

## ইনোভেশন আইডিয়া :

আইডিয়া শিরোনাম : **Expanding and Sharing Thought**

**বাস্তবায়ন কাল: ২০২১-২০২২ অর্থ বছর**

| | |
|---|---|
| ভূমিকা | প্রাথমিক শিক্ষা বিষয়ক গবেষণা প্রবন্ধ/জার্নাল, একবিংশ শতাব্দীর ও ৪র্থ শিল্প বিপ্লব-এর শিখন সম্পর্কিত নতুন ধ্যান-ধারণা, প্রশিক্ষণ একাডেমি/শিক্ষা প্রতিষ্ঠানের ম্যাগাজিন, নেপ লাইব্রেরির শিক্ষা/প্রশিক্ষণ সম্পর্কিত বই হতে অর্জিত জ্ঞান ভার্চুয়াল/মুখোমুখি নেপ অনুষদ সদস্যগণের মাঝে উপস্থাপনার মাধ্যমে অভিজ্ঞতা বিনিময় করে সকলকে এ বিষয়ে আপডেট রাখা। |
| বাস্তবায়নের ফলে যে সুবিধা হবে তার বিবরণ **(যৌক্তিকতা)** | • নেপ এর অনুষদ সদস্যগণ একুশ শতকের শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক দক্ষতা অর্জনে সক্ষমতা লাভ করবে<br>• জাতীয় ও আন্তর্জাতিক সভা/সেমিনারে তথ্যভিত্তিক আলোচনা করতে পারবে<br>• প্রশিক্ষণ অধিবেশনে প্রশিক্ষণার্থীদের মাঝে নতুন নতুন তথ্য উপস্থাপনে সহায়ক হবে<br>• নেপ অনুষদ সদস্যদের আত্নবিশ্বাস বৃদ্ধি হবে |
| সুবিধাভোগী | • নেপ অনুষদবর্গ |
| প্রকল্পের ফলাফল | • একুশ শতকের শিক্ষা ও প্রশিক্ষণ উপযোগী দক্ষতা অর্জন<br>• প্রশিক্ষণ সেশনে নতুন জ্ঞান সরবরাহ<br>• শিখন-শেখনে আধুনিক কৌশল ও পদ্ধতির প্রয়োগ<br>• প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ সেশনে হালনাগাত তথ্য পাবে |
| প্রাথমিক শিক্ষায় প্রকল্পের প্রভাব | • প্রাথমিক শিক্ষায় এসডিজি, এডুকেশন-২০৩০ এবং ভিশন-২০৪১ এর লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে<br>• প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন<br>• প্রাথমিক শিক্ষার প্রশিক্ষণের মান উন্নয়ন<br>• গুণগতমান উপযোগী প্রশিক্ষক তৈরি |
| আইডিয়া বাস্তবায়ন মেয়াদ | ২০২১-২০২২ অর্থ বছর |
| বর্তমানে এরূপ সেবা প্রচলিত আছে কি না? | আমার জানা মতে পূর্বে এরূপ প্রকল্প ছিল না, তাই এটি একটি উদ্ভাবনী প্রকল্প। |
| সংক্ষেপে কর্মপরিকল্পনা | প্রতি চার (০৪) মাস অন্তর একটি সেমিনার উপস্থাপন |
| বাস্তবায়নের ধাপসমূহ | • অনুষদ সদস্যদের জন্য স্ট্যাডির বিষয় নির্দিষ্ট করে দেওয়া<br>• প্রতিটি সেমিনারে উপস্থাপন এর জন্য অনুষদ সদস্যদের তালিকা প্রণয়ন করা |
| প্রকল্পটি সম্প্রসারণযোগ্য কি না? | হ্যাঁ |
| প্রকল্পটি বাস্তবায়নে ঝুঁকির সম্ভাবনা | না |

| | |
|---|---|
| আছে কি? | |
| বাস্তবায়নকারী দল | ভাষা অনুষদ |
| বাস্তবায়ন দলের টিম লিডার | অনুষদ প্রধান<br><br>ভাষা অনুষদ, নেপ |
| বাস্তবায়নে যে যে ব্যক্তি/ সংস্থা/শাখা/দপ্তরের সহায়তা প্রয়োজন | নেপ এর ইনোভেশন টিম |

# সেবা সহজিকরণ ও ডিজিটাল সেবা - আইডিয়া

## আইডিয়া শিরোনাম : Training Resource Bank (TRB) বা প্রশিক্ষণ রিসোর্স ব্যাংক

**ভূমিকা**

নেপ কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণের বৈচিত্রময় বিষয়বস্তু বিভিন্ন তথ্যজ্ঞ ব্যক্তিবর্গের মাধ্যমে প্রশিক্ষণে উপস্থাপন করা হয়। জাতীয় শিক্ষাক্রম বাস্তবায়ন ও শিখন-শেখানো বিষয়ক কন্টেন্টগুলো সাধারণত নেপ অনুষদসদস্যগণ উপস্থাপন করে থাকেন। তবে লক্ষ করা যায় যে, বিভিন্ন ব্যস্ততার কারণে তথ্যজ্ঞ ব্যক্তি যথাযথ পূর্ব প্রস্তুতি নিতে না পারার কারণে উপস্থাপনায় একঘেয়েমি চলে আসে। এই অবস্থা থেকে উত্তরণের মাধ্যমে গুণগত প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে নেপের সকল অনুষদ কর্তৃক তাঁর নির্দিষ্ট বিশেষায়িত বিষয়গুলোতে পূর্ব থেকেই যথযথ স্টাডির মাধ্যমে হালনাগাদ তথ্য সমৃদ্ধ রিসোর্স পেপার ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করে রাখা যায়। এই প্রস্তুতকৃত রিসোর্স পেপার ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন অনলাইন ও অফলাইন ব্যাংকে ডকুমেন্টেশন করে সংরক্ষণ করা হবে। প্রশিক্ষণের সময় প্রশিক্ষণ সামগ্রী উন্নয়নকারী অথবা অন্য কেউ সেই রিসোর্স ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনা করতে পারবেন। যার মাধ্যমে গুণগত প্রশিক্ষণ নিশ্চিত করা যাবে।

**যৌক্তিকতা**

গুণগত প্রশিক্ষণের একটি অন্যতম শর্ত হলো, যথাযথ প্রস্তুতিসম্পন্ন প্রশিক্ষক। যথাযথ প্রস্তুতি গ্রহণ ও পেশাগত দক্ষতা উন্নয়নে হালনাগাদ তথ্য, সমসাময়িক তথ্য, জ্ঞানের নতুন নতুন ধারার সাথে প্রশিক্ষকের পরিচয় থাকা বাঞ্চনীয়। একই সাথে প্রশিক্ষক কর্তৃক নতুন জ্ঞানের ব্যবহার ও বিস্তরণ গুণগত শিক্ষার অন্যতম নিয়ামক। জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি একটি প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান হিসেবে এই প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তাকে যোগ্য প্রশিক্ষক হিসেবে নিজেকে গড়ে তোলা একান্ত আবশ্যক। প্রশিক্ষক উন্নয়নের অংশ হিসেবে নেপ কর্তৃক একটি কাঠামো থাকাও প্রয়োজন। এই আইডিয়া প্রশিক্ষকগণকে আত্ন-উন্নয়নের মাধ্যমে কার্যকর প্রশিক্ষণ প্রদানে সচেষ্ট করে তুলবে এবং প্রশিক্ষনার্থীগণ নতুন নতুন তথ্যের সাথে পরিচিত হতে পারবেন।

**সুবিধাভোগী**

সরাসরি প্রশিক্ষনার্থীগণ এবং নেপ অনুষদসদস্যগণ তাঁদের পেশাগত দক্ষতা উন্নয়নে এই পদ্ধতির মাধ্যমে উপকৃত হবেন। পরোক্ষভাবে প্রথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা গুণগত শিক্ষা লাভ করতে পারবে।

**ফলাফল**

এই আইডিয়া বাস্তবায়নের ফলে-

- হালনাগাদ তথ্য ও তত্ত্ব অন্তর্ভুক্ত হবে;
- প্রশিক্ষকের দক্ষতা উন্নয়ন হবে;
- রিসোর্স প্রস্তুত থাকবে;
- প্রশিক্ষণ কার্যকর ও ফলপ্রসু হবে।

**প্রাথমিক শিক্ষায় প্রভাব**

প্রাথমিক শিক্ষায় এই আইডিয়ার সফল বাস্তবায়নের মাধ্যমে গুণগত প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা ও গুণগত প্রাথমিক শিক্ষা প্রদান নিশ্চিত হবে।


**মেয়াদ**


এই আইডিয়া বাস্তবায়নের প্রথম পর্যায়ের রিসোর্স তৈরির মেয়াদ হবে ছয় মাস। তবে এর বাস্তবায়ন হবে দীর্ঘ মেয়াদী।

**পূর্বে এমন প্রকল্প ছিল কিনা**

প্রস্তাবিত আইডিয়াটি নতুন একটি উদ্ভাবনী ধারণা।

**কর্মপরিকল্পনা**






**সম্প্রসারণযোগ্যতা :** নেপ এর প্রশিক্ষণ ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

**বাজেট : ইনোভেশন খাতে বরাদ্দকৃত অর্থ থেকে বাস্তবায়ন ব্যয় নির্বাহ করা যাবে।**

অন্যান্য: ২০২১-২০২২ অর্থবছরে আইডিয়াটি পাইলটিং করা হবে।

---*---